দৈনিক ইত্তেফাক

তারিখ ... 7 DEC 1990 ...
পৃষ্ঠা ... 5 ... কলাম ... 6 ...

135

# বিশ্ববিদ্যালয় ও বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান খুলিতেছে

বাসস জানায়, আগামীকাল (শনিবার) হইতে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) সকল ক্লাস শুরু হইবে। বিশ্ববিদ্যালয়ের সকল আবাসিক হল ইতিমধ্যেই

( ৭ম পৃঃ দ্রঃ )

## শিক্ষা প্রতিষ্ঠান খুলিতেছে

(১ম পৃঃ পর)

খুলিয়া দেওয়া হইয়াছে। এদিকে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বুয়েটের সকল শিক্ষকের প্রতি তাঁহাদের পদত্যাগপত্র প্রত্যাহারের অনুরোধ জানাইয়াছেন।

### চট্টগ্রাম মেডিকেল কলেজ

আগামী ১০ই ডিসেম্বর হইতে চট্টগ্রাম মেডিক্যাল কলেজের সকল ক্লাস শুরু হইবে। গতকাল কলেজের একাডেমীক কাউন্সিলের সভায় এই সিদ্ধান্ত নেওয়া হয়।

### আলিয়া মাদ্রাসা

আগামীকাল (শনিবার) হইতে ঢাকা আলিয়া মাদ্রাসার আলিম ফাজিল ও কামিল ক্লাসসমূহ শুরু হইবে। ছাত্রদেরকে ক্লাসে যোগদান ও শিক্ষক মণ্ডলীকে ক্লাস নেওয়ার আহ্বান জানান হইয়াছে।

### রাজশাহী বিশ্ববিদ্যালয়

রাজশাহী অফিস জানায়, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ক্লাসসমূহ আগামী ৯ই ডিসেম্বর রবিবার হইতে শুরু হইবে বলিয়া গতকাল সিণ্ডিকেটের এক জরুরী সভায় সিদ্ধান্ত নেওয়া হইয়াছে। ভাইস চ্যান্সেলর প্রফেসর আমানুল্লাহ আহমদের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় ছাত্র-ছাত্রীদের অবিলম্বে হলে ফিরিয়া আসার অনুরোধ জানানো হয়।

### জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

৯ই ডিসেম্বর (রবিবার) জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় খুলিবে। বুধবার বিশ্ববিদ্যালয়ের সিণ্ডিকেটের জরুরী সভায় এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী আগামীকাল (শনিবার) বিশ্ববিদ্যালয়ের হলসমূহ খুলিয়া দেওয়া হইবে। ভিসি প্রফেসর কাজী সালেহ আহমেদ সভায় সভাপতিত্ব করেন।

### আইডিয়াল হাইস্কুল

আগামীকাল (শনিবার) হইতে ঢাকার মতিঝিল আইডিয়াল হাইস্কুল ও কলেজের ১ম হইতে ১০ম শ্রেণীর ক্লাস শুরু হইবে। —প্রেস বিজ্ঞপ্তি।

### কৃষি বিশ্ববিদ্যালয়

আগামী ১০ই ডিসেম্বর বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের সকল ক্লাশ শুরু হইবে। ইতিমধ্যেই বিশ্ববদ্যালয়ের আবাসিক হলসমূহ খুলিয়া দেওয়া হইয়াছে।